

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা  
www.dncrp.gov.bd

নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৮.০০৩.২৩- ২৮-২৫

তারিখ: ০৯ নভেম্বর ২০২৩ খ্রি.

**প্রজ্ঞাপন**

'ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' এর ৭৯ ধারায় বর্ণিত মহাপরিচালকের ক্ষমতা অর্পণের বিধান বলে নিম্ন বর্ণিত কর্মকর্তাগণকে তাঁহাদের নামের পার্শ্বে বর্ণিত কর্ম-এলাকায় উক্ত আইনের ২১, ২৫, ২৬, ২৭, ২৮, ৩০, ৩১, ৩৩, ৩৬, ৭০, ৭১(২), ৭৩ এবং ৭৬(১), (২), (৩) ও (৪) ধারা প্রয়োগের ক্ষমতা অর্পণ করা হইল। ইহা ছাড়া 'ভোক্তা-অধিকার সংরক্ষণ (প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ) বিধিমালা, ২০২০', 'ভোক্তা-অধিকার সংরক্ষণ (সভা ও কার্যক্রম) বিধিমালা, ২০১০' এবং 'ভোক্তা-অধিকার সংরক্ষণ তহবিল (হিসাব ও নিরীক্ষা) প্রবিধানমালা, ২০১০' এর বিধানাবলী, যেক্ষেত্রে যথা প্রযোজ্য সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুমোদনও দেওয়া হইল:

ক্রমিক নম্বর	কর্মকর্তার নাম, পদবি ও কার্যালয়	কর্ম এলাকা
০১	জনাব মোঃ ইব্রাহীম হোসেন, উপপরিচালক জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়	সমগ্র রাজশাহী বিভাগ
০২	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপপরিচালক জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়	সমগ্র ময়মনসিংহ বিভাগ

- ২। মহাপরিচালকের ক্ষমতাপ্রাপ্ত উক্ত কর্মকর্তাগণের মধ্যে কোন কর্মকর্তা এই অধিদপ্তরের অধীন অন্য কোন কার্যালয়ে বদলি হইলে কিংবা নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে ভিন্ন কোন কার্যালয়ের দায়িত্ব গ্রহণ করিলে বদলিকৃত বা অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্ম এলাকার জন্যও এই আদেশ বলবৎ থাকিবে। উল্লেখ্য, বর্ণিত কর্মকর্তাগণের অনুকূলে ইতোপূর্বে জারিকৃত মহাপরিচালকের ক্ষমতাপ্রাপ্ত সংক্রান্ত প্রজ্ঞাপনের সংশ্লিষ্ট অংশ গৃহীত কার্যব্যবস্থার কোন ব্যত্যয় না ঘটাইয়া এতদ্বারা বাতিল করা হইল।
- ৩। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিত/-

(এ. এইচ. এম. সফিকুজ্জামান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৫০১৩২০৮

ইমেইল: dg@dncrp.gov.bd

নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৮.০০৩.২৩- ২৮-২৫

তারিখ: ০৯ নভেম্বর ২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। বিভাগীয় কমিশনার, .....(সকল)।  
০২। পুলিশ কমিশনার, .....(সকল)।  
০৩। ডিআইজি, .....(সকল)।  
০৪। মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।  
০৫। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।  
০৬। পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার/অভিযোগ ও তদন্ত), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।  
০৭। জেলা প্রশাসক, .....(সকল)।  
০৮। পুলিশ সুপার, .....(সকল)।  
০৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।  
১০। উপপরিচালক, .....(সকল), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।  
১১। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হইলো)।  
১২। জনাব মোঃ ইব্রাহীম হোসেন, উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।  
১৩। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়।  
১৪। সহকারী পরিচালক (প্রশাসন-২), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।  
১৫। অফিস কপি।

(এ. এইচ. এম. সফিকুজ্জামান)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)